

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/

তাং


অনলাইন ক্লাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৬৯তম (জরুরী) ও ৭০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী মহামারী কোভিড-১৯ এর কারণে নিম্নরূপ শর্তে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে চলতি টার্মের অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে:

- ১। আন্ডারগ্রাজুয়েট পর্যায়ে সকল থিওরী কোর্সসমূহ একাডেমিক অর্ডিন্যান্সের নির্ধারিত ক্রেডিট আওয়ার অনলাইন ক্লাসের মাধ্যমে সম্পন্ন করা হবে (যেমন: প্রতি সপ্তাহে ৩ ক্রেডিট আওয়ার ক্লাসে ৫০ মিনিটের ৩টির স্থলে ৭৫ মিনিটের ২টি ক্লাস অনুষ্ঠিত হবে)। তবে, পরবর্তীতে স্বাভাবিক অবস্থায় বিশ্ববিদ্যালয় খোলার পর বিভাগীয় প্রধানগণ সর্বোচ্চ ৩ (তিন) সপ্তাহ Review Class ও Sessional Class নেবার ব্যবস্থা করবেন, অতঃপর Preparatory leave শুরু হবে।
- ২। ৪র্থ বর্ষের শিক্ষার্থীরা Project & Thesis এর জন্য সুপারভাইজরের সাথে অনলাইনে যোগাযোগ করে তাদের Project/Thesis এর কাজের বিষয়ে আলোচনা করবে।
- ৩। কেন্দ্রীয় রুটিন কমিটি আন্তঃবিভাগীয় রুটিনের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।
- ৪। ইতোমধ্যে শ্রেণীকক্ষে পরিচালিত ক্লাসসমূহে প্রত্যেক শিক্ষার্থীর উপস্থিতিতে ৭০% weightage এবং অনলাইনে পরিচালিত ক্লাসসমূহে উক্ত শিক্ষার্থীর উপস্থিতিতে ৩০% weightage দিয়ে তার চূড়ান্ত উপস্থিতি নির্ধারণ করা হবে।
- ৫। থিওরী কোর্সসমূহের কোর্সের শিক্ষকবৃন্দ Assessment এর জন্য অনলাইনে Assignment বা Quiz নিবেন। তবে Online Assignment বা Quiz এর জন্য প্রতি কোর্সের ক্লাস টেস্টের জন্য বরাদ্দকৃত নম্বরের এক তৃতীয়াংশ অর্থাৎ ২০ নম্বর বরাদ্দ থাকবে। ক্লাস টেস্টের বাকী নম্বরের পরীক্ষা প্রচলিত নিয়মে শ্রেণীকক্ষে অনুষ্ঠিত হবে।
- ৬। Online এ শিক্ষা কার্যক্রম পরিচালনার সময়ে পঠিত বিষয়ের লেকচার ম্যাটেরিয়াল শিক্ষার্থীদের Online এ প্রদান করা হবে।
- ৭। অসচ্ছল শিক্ষার্থীদের কথা বিবেচনায় এনে তাদের ইন্টারনেট ডাটা ও Smartphone ক্রয়ের সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে অনুষ্ঠিত ভাইস-চ্যান্সেলরগণের সভায় সরকারের নিকট আবেদন জানানো হয়েছে। প্রয়োজনীয় সাপোর্ট না পাওয়া পর্যন্ত প্রকৃত অসচ্ছল শিক্ষার্থীর Online শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য Smartphone ক্রয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে সর্বোচ্চ ১০,০০০/- টাকা বিনা সুদে ঋণ প্রদান করা হবে। শিক্ষার্থীরা উক্ত ঋণের টাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সহজ কিস্তিতে পরিশোধ করবে।
- ৮। টার্ম ফাইনাল পরীক্ষা প্রচলিত নিয়মে শ্রেণীকক্ষে ৩ (তিন) ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত হবে।
- ৯। অনলাইনে Attendance নেয়ার সুবিধার্থে শিক্ষার্থীদের Zoom Account এ প্রথমে রোল নং পরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার খাতায় ব্যবহৃত নাম এই ফরম্যাটে সেট করতে হবে।
- ১০। শিক্ষার্থীদের Online কার্যক্রমে অংশগ্রহণের জন্য হ্রাসকৃত মূল্যে ইন্টারনেট ডাটা সরবরাহের জন্য Grameenphone কোম্পানীর সাথে অনতিবিলম্বে MoU স্বাক্ষরিত হবে। এ ক্ষেত্রে Grameenphone 15GB ২৫০ টাকা এবং 30GB ৪৫০ টাকায় দিতে সম্মত হয়েছে। এছাড়া কর্তৃপক্ষ প্রকৃত অসচ্ছল শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে ইন্টারনেট ডাটা প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহবান করেছে।

স্মারক পর্যায়ের শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


১৬/০৮/২০২০
(জি, এম, শহিদুল আলম)
রেজিস্ট্রার


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/ ৩৭২/৫০

তারিখঃ ১৬/০৮/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৯। সংরক্ষণ নথি।


১৬/০৮/২০২০
(রাগীব হোসেন)
সেকশন অফিসার (প্রোড-২)